

For Website

উত্তরা ব্যাংক পিএলসি.

পারচেজ এন্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট (লিফট-১২)
প্রধান কার্যালয়, ৪৭ শহীদ বীরউত্তম আশফাকুস সামাদ সড়ক
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২০২৪ সালের দেয়াল ও ডেস্ক ক্যালেন্ডার মুদ্রণের দরপত্র বিজ্ঞপ্তি:

উত্তরা ব্যাংক পিএলসি.-এর ২০২৪ সালের দেয়াল ও ডেস্ক ক্যালেন্ডার মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের জন্য ব্যাংক-এ উল্লেখিত কাজে পারদর্শী, নিজ মালিকানাধীন এক বা একাধিক ৪ (চার) কালার অফসেট মেশিন রয়েছে –এমন প্রথম শ্রেণীর মুদ্রণ প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে। হালনাগাদ ট্রেড লাইসেন্স ও ভ্যাট নিবন্ধন পত্র, টিআইএন সার্টিফিকেট এবং ব্যাংক এর ক্যালেন্ডার মুদ্রণের সনদপত্র (কমপক্ষে ২,০০,০০০ সংখ্যক ক্যালেন্ডার মুদ্রণের সনদপত্র) প্রদর্শন করে আগামী ১৫ই নভেম্বর, ২০২৩ পর্যন্ত অফিস চলাকালে “উত্তরা ব্যাংক পিএলসি.” এর অনুকূলে =২০০০/- টাকার পে-অর্ডার এর বিনিময়ে বিস্তারিত সিডিউল ব্যাংকের পারচেজ এন্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট (লিফট-১২) থেকে সংগ্রহ করা যাবে।

দরপত্র সমূহ আগামী ১৬ই নভেম্বর, ২০২৩ বেলা ০২.০০ টায় মধ্যে ব্যাংকের অত্র বিভাগে সংরক্ষিত টেন্ডার বাজে জমা দিতে হবে এবং ঐ দিনই বেলা ২.৩০ টায় উপস্থিত দরপত্রদাতাদের (যদি কেউ উপস্থিত থাকেন) সামনে খোলা হবে।

ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই সকল দরপত্র অথবা যে কোন দরপত্র বা উহার অংশ বিশেষ পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিস্তারিত তথ্যের জন্য ব্যাংকের পারচেজ এন্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট এর সাথে অফিস চলাকালে যোগাযোগ করা যাবে।

উপ মহাব্যবস্থাপক
পারচেজ এন্ড প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট